

া রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১৭২০ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৭১১]

১৭/ নিষিদ্ধ বিষয়াবলী (کتاب الأمور المنهى عنها)

পরিচ্ছেদঃ ৩১৪ : গায়রুল্লাহর নামে শপথ করা নিষেধ

(314) بَابُ النَّهْيِ عَنِ الْحَلَفِ بِمَخْلُوْقٍ كَالنَّبِيِّ وَالْكَعْبَةِ وَالْمَلَائِكَةِ وَالسَّمَاءِ وَالْآبَاءِ وَالْحَيَاةِ وَالرَّوْحِ وَالرَّأْسِ وَنِعْمَةِ السُّلْطَانِ وَتُرْبَةٍ فُلَانِ وَالْأَمَانَةِ، وَهِيَ مِنْ أَشَدِّهَا نَهْيًا

আরবী

وَعَنِ ابنِ عُمَرَ رَضِيَ اللهُ عَنهُمَا: أَنَّهُ سَمِعَ رَجُلاً يَقُولُ: لاَ وَالكَعْبَةِ، فَقَالَ ابنُ عُمَرَ: لاَ تَحْلِفْ بَغَيْرِ اللهِ، فَإِنِّي سَمِعْتُ رَسُولَ اللهِ صلى الله عليه وسلم، يَقُولُ: «مَنْ حَلَفَ بَغْيرِ اللهِ، فَقَدْ كَفَرَ أَوْ أَشْرَكَ». رواه الترمذي، وقال: [حديث حسن] وَفَسَّرَ بَعْض الْعُلَمَاء قوله: «كَفَرَ أو أَشْرَكَ» عَلَى التَّغْلِيْظ كَمَا رُوِيَ أَنَّ النَّبِيَّ صَلَّى اللهُ عَلَيْهِ وَ سَلَّمَ قَالَ: " اَلرِّيَاءُ شِرْكُ "

বাংলা

৫/১৭২০। ইবনে উমার রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি একটি লোককে বলতে শুনলেন 'না, কা'বার কসম!' ইবনে উমার বললেন, 'আল্লাহ ছাড়া অন্য কারো কসম খেয়ো না। কেননা, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি যে, ''যে ব্যক্তি গায়রুল্লাহর নামে কসম করে, সে কুফরী অথবা শির্ক করে।'' (তিরমিযী-হাসান] [1]

কোন কোন আলেমের ব্যাখ্যানুসারে শেষোক্ত বাক্যটি কঠোরতা ও কঠিন তাকীদ প্রদর্শনার্থে ব্যবহৃত হয়েছে। যেমন বর্ণনা করা হয় যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, ''রিয়া শির্ক।'' [যার অর্থ ছোট শির্ক।]

English

(314) Chapter: Prohibition of Swearing in the name of anything besides Allah

Ibn 'Umar (May Allah be pleased with them) said:

I heard a man saying: "No, by the Ka'bah." I admonished him: "Do not swear by any thing besides Allah, for I heard the Messenger of Allah (ﷺ) saying, 'He who swears by anyone or anything other than Allah, has indeed



committed an act of Kufr or Shirk'."

[At-Tirmidhi].

[Some 'Ulama' are of the opinion that the words of the Prophet (ﷺ) that "He who swears by anyone or anything other than Allah has indeed committed an act of Kufr or Shirk," are in the nature of extreme admonition. And in fact, it is not Shirk. The same applies to the saying of the Prophet (ﷺ), who said, "showing off is Shirk."]

Commentary: Imam An-Nawawi has regarded the saying "showing off is Shirk" as Hadith is not narrated in these words. It is, however, true that what the Prophet (PBUH) has stated about the evil and sinfulness of showing off implies that it is also a (minor) Shirk. For instance he stated that "He who kept fast or offered Salat for mere show, has indeed committed Shirk." In any case, to take oath of anyone other than Allah is strictly forbidden. It is, therefore, necessary to abstain from swearing by other than Allah. Unfortunately, such oaths are very common and people do not realize that they are prohibited and unlawful.

ফুটনোট

[1] হাদীসটি সহীহ্। আমি [আলবানী) বলছিঃ মুসান্নিফ [রাহি) "রুবিয়া" শব্দ দ্বারা ইঙ্গিত করেছেন যে, হাদীসটির সনদ দুর্বল। আসলে তিনি যেরূপ বলেছেন সেরূপই। আমি "য'ঈফা" গ্রন্থে [১৮৫০) এটির তাখরীজ করেছি এবং এর সমস্যা বর্ণনা করেছি [এ সব কথাগুলো পূর্বের]। কিন্তু তিনি পরবর্তীতে হাদীসটিকে সহীহ্ আখ্যা দিয়েছেন। দেখুন "সহীহ্ তারগীব অন্তারহীব" [২৯৫২), "সিলসিলাহ্ সহীহাহ্" [২০৪২), "সহীহ্ জামে'উস সাগীর" [১৫৩৫), "ইরওয়াউল গালীল" [২৫৬১)]। সহীহুল বুখারী ২৬৭৯, ৩৮৩৬, ৬১০৮, ৬৬৪৬, ৬৬৪৭, ৬৬৪৮, ৭৪০১, মুসলিম ১৬৪৬, তিরমিয়ী ১৫৩৩, ১৫৩৪, ১৫৩৫, নাসায়ী ৩৭৬৬-৩৭৬৮, আবৃ দাউদ ৩২৪৯, ইবনু মাজাহ ২০৯৪, আহমাদ ৪৫০৯, ৪৫৩৪, ৪৫৭৯, ৪৬৫৩, ৪৬৮৯, ১৮৮৬, ৫৩৫২, ৫৪৩৯, ৫৫৬৮, ৫৭০২, ৬০৩৬, ৬২৫২, মুওয়াত্তা মালিক ১০৩৭, দারেমী ২৩৪১

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন